তারিখ ... 07-JUL 1991
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৬ ...

দৈনিক খবর

256

## চট্টগ্রাম ভার্সিটি সিনেট অধিবেশন আজ

# ছাত্র শিবির হরতাল ডাকায় কিছু সদস্য কালই ক্যাম্পাসে গেছেন

।। স্টাফ রিপোর্টার ।।

চট্টগ্রাম, ৬ই জুলাই।– আগামীকাল রোববার অনুষ্ঠেয় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সিনেট অধিবেশনে যোগদানের জন্যে বেশ কিছু সদস্য আজই ক্যাম্পাসে পৌঁছে গেছেন। শিবির সমর্থিত সংগ্রামী ছাত্র ঐক্য এই অধিবেশন স্থগিত রাখার দাবীতে আগামীকাল চট্টগ্রাম–নাজিরহাট–রাঙ্গামাটি সড়কে হরতাল ডাকায় সিনেটের এই সদস্যরা আজ ক্যাম্পাসে চলে গেছেন। অধ্যাপক আবদুল মান্নানের সভাপতিত্বে আজ অনুষ্ঠিত সাধারণ শিক্ষক পরিষদের

২–এর পাতায় দেখুন

## ছাত্র শিবির

প্রথম পৃষ্ঠার পর

সভায় সিনেট অধিবেশন বানচালের জন্যে মহল বিশেষ ষড়যন্ত্র করছে বলে উল্লেখ করে নিন্দা জানানো হয়েছে। সিনেটের ২৩ জন রেজিস্টার্ড গ্রাজুয়েট সদস্য আগামীকালের অধিবেশন বর্জন করার ঘোষণা দিয়েছেন। এডভোকেট নূরুল আমিনের সভাপতিত্বে আজ অনুষ্ঠিত সভায় এই ঘোষণা দেয়া হয়। ইসলামী ছাত্র শিবির আজ এক সমাবেশে অবিলম্বে বর্তমান ভিসির অপসারণ ও তদন্ত কমিশন রিপোর্ট বাস্তবায়নের আহবান জানিয়েছে। হামিদুর রহমান আজাদ সভাপতিত্ব করেন। শিবির সমর্থিত সম্মিলিত ছাত্র ঐক্য পরিষদের উদ্যোগে আজ নূরুল আবসারের সভাপতিত্বে অনুষ্ঠিত এক জরুরী সভায়ও অনুরূপ আহবান জানানো হয়েছে।